120

দৈনিক ইত্তেফাক

তারিখ 20 APR 1994
পৃষ্ঠা ৬ কলাম ৬

# সরকারীকরণের অপেক্ষায় কিশোরগঞ্জের ৩৪৩ টি প্রাথমিক বিদ্যালয়

কিশোরগঞ্জ সংবাদদাতা ॥ কিশোরগঞ্জ জেলার ১৩টি থানার ৩ শত ৪৩টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় দীর্ঘদিন ধরিয়া সরকারীকরণের অপেক্ষায় রহিয়াছে। ঐসমস্ত বিদ্যালয়ে সহস্রাধিক বছরের পর বছর ধরিয়া প্রায় বিনা পারিশ্রমিকে ছাত্র-ছাত্রীদের পাঠদান করিতেছেন। তাহাদে একমাত্র আশা-বিদ্যালয় সরকারীকরনের পর তাহাদের দুঃখ দুর্দশনার অবসান ঘটিবে। প্রাথমিক শিক্ষা অফিস সুত্রে জানা যায়, জেলায় ২ শত ৬টি রেজিষ্ট্রেশন প্রাপ্ত ও ১ শত ৩৭টি রেজিষ্ট্রেশনবিহীন বিদ্যালয় রহিয়াছে। এই সমস্ত বিদ্যালয়ে ৫৭ … ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণ … । রেজিষ্ট্রেশন প্রাপ্ত … শিক্ষকরা প্রতি মাসে

(… পৃঃ দ্রঃ)

## সরকারীকরনের

(৩য় পৃঃ পর)

সরকার হইতে শুধু মাত্র নির্ধারিত ৫ শত টাকা পাইয়া থাকেন। রেজিষ্ট্রেশনবিহীন বিদ্যালয়ের শিক্ষকরা ইহা হইতেও বঞ্চিত হইতেছেন। সরকারীকরণের মন্থর প্রক্রিয়ার কারণে তাহাদের মনে হতাশা বিরাজ করিতেছে।

অন্যদিকে অধিকাংশ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়েই বর্তমানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নাই। জরাজীর্ণ গৃহ টুল-টেবিলসহ শিক্ষা উপকরণের আভাব প্রভৃতি কারণে ছাত্র-ছাত্রীদের লেখার ব্যাঘাত ঘটিতেছে। ঝড় বা বন্যায় বিধ্বস্ত বিদ্যালয়গুলি স্থানীয় উদ্যোগে ও অর্থাভাবে মেরামত করা সম্ভব হইতেছে না। ঐসমস্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা কাহারো বৈঠকখানা কিংবা গাছতলায় বসিয়া পাঠ গ্রহণ করিতেছে। অধিকাংশ বিদ্যালয়ে খাবার পানি শৌচাগার ও খেলার মাঠের ব্যবস্থা নাই বলিলেই চলে।